দৈনিক ইত্তেফাক

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ৭ ৬

# মোরেলগঞ্জে জেডিসি পরীক্ষায় শিক্ষকসহ ৪ জন বহিষ্কার

মোরেলগঞ্জ (বাগেরহাট) সংবাদদাতা॥ বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার পোরেলহাট আলহাজ আজহারিয়া দাখিল মাদ্রাসার কেন্দ্রে গতকাল শনিবার গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে দুই শিক্ষক ও দুই ছাত্র বহিষ্কার করা হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার মো. নাজমুল হুদা তাদের বহিষ্কার করেন। বহিষ্কৃত শিক্ষকরা হলেন, নেহালপুর কুয়ারদাহ দাখিল মাদ্রাসার বেলায়েত হোসেন, ডিকেএম দাখিল মাদ্রাসার দেলোয়ার হোসেন। বহিষ্কৃত ছাত্ররা হলো, এস চণ্ডিপুর দাখিল মাদ্রাসার ছাত্র জাবের হোসেন ও কেএম বৌলপুর দাখিল মাদ্রাসার শাকিল খান। মাদ্রাসা বোর্ডের খুলনা অঞ্চলের পরিদর্শক মো. নজরুল ইসলাম পরিদর্শনে এসে এ কেন্দ্রের প্রতি অসন্তোষ প্রকাশ করেন।